ভোরের কাগজ

তারিখ ... JAN 13 1999 ... ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৮ ......

## অনুপস্থিত ২২২

গফরগাঁও প্রতিনিধি : ৬৭৬ জন পরীক্ষার্থীর মধ্যে ২২২ জনই অনুপস্থিত! প্রাথমিক বৃত্তি পরীক্ষার প্রথম দিনে গতকাল মঙ্গলবার গফরগাঁও ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয় কেন্দ্রে এই ব্যাপক অনুপস্থিতির ঘটনা ঘটে। উল্লেখ্য, প্রতিটি প্রাথমিক বিদ্যালয় থেকে ২০ শতাংশ ছাত্রছাত্রীকে বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণের সরকারি বাধ্যবাধকতা রয়েছে। এ জন্য শিক্ষকরা অনেক ক্ষেত্রে অনুপযুক্ত ছাত্রছাত্রীদেরও রেজিস্ট্রেশন করান। শেষ পর্যন্ত তারা পরীক্ষায় অংশ নেয় না। তবে এ বছর বন্যার কারণে অনেক ছাত্রছাত্রী পরীক্ষার প্রস্তুতি নিতে পারেনি বলে জানা গেছে।